DEC. 4 2000

তারিখ ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৫

দৈনিক ইনকিলাব

62

# রাজশাহী ভার্সিটিতে ভর্তি প্রক্রিয়ায় ব্যাপক অনিয়ম

রাঃবিঃ রিপোর্টার ঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনার্স প্রথম বর্ষে ভর্তি প্রক্রিয়ায় ব্যাপক অনিয়ম এবং ঘাপলার অভিযোগ উঠেছে। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েও অনেকে ভর্তি হতে না পেরে ক্ষুব্ধ ও হতবিহবল হয়ে পড়েছে।

বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয় ২৪ অক্টোবর এবং ভর্তির সুযোগ পাওয়া ছাত্রছাত্রীদেরকে ভর্তির জন্য সাক্ষাৎকারের সময় দেয়া হয় ১ নভেম্বর। এর মধ্যে শুক্র ও শনিবার দু'দিন ছিল সরকারী ছুটি। অভিযোগ রয়েছে, ফলাফল প্রকাশ থেকে সাক্ষাৎকার গ্রহণের মধ্যে সময় (সরকারী ছুটি ব্যতীত) দেয়া হয়েছে মাত্র ৪ দিন। এই সময়ের মধ্যে দেশের দূর-দূরান্তের প্রত্যন্ত গ্রামাঞ্চলের ভর্তিচ্ছুরা তাদের ফলাফল পায়নি।

কুড়িগ্রামের গ্রামাঞ্চল থেকে আসা এক ছাত্র বলল, তার চান্স পাওয়ার সংবাদপত্র মারফত সে পেয়েছে ২ নভেম্বর। ক্যাম্পাসে ঐদিন এসেই পরদিন বিভাগীয় অফিসে ধরনা দিলেও কোন কাজ হয়নি। পার্বত্য জেলা খাগড়াছড়ি থেকে আসা অন্য একজন বলল, তারও একই দশা। অভিযোগে তারা বলে, দেশের যোগাযোগ ব্যবস্থা এতটা উন্নত নয় যে, বাংলাদেশের সব জায়গাতেই চিঠিপত্র মাত্র ২/৩ দিনে পৌছবে। তারা বলে, স্বল্প সময় দেয়ার মধ্যে কর্তৃপক্ষের কোন অসৎ উদ্দেশ্য থাকাই স্বাভাবিক। কর্তৃপক্ষ অনিয়ম এবং ঘাপলা করার জন্যই এই ন্যূনতম সময় দিয়েছে। তারা এর তীব্র নিন্দা জানিয়ে সময় বৃদ্ধির দাবী জানায়। এদিকে বাংলা বিভাগের অপেক্ষমাণ তালিকা নিয়েও প্রশ্ন উঠেছে। তবে এ ব্যাপারে রসায়ন বিভাগে যোগাযোগ করে বিভাগীয় চেয়ারম্যানকে পাওয়া যায়নি।